

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
গবেষণা ও বৃত্তি শাখা
www.ictd.gov.bd

নম্বর ৫৬.০০.০০০০.০২৮.১৭.০৬৭.১৬.১৮

তারিখ ১১ ফাল্গুন ১৪২৭
২৪ ফেব্রুয়ারি ২০২১

সংশোধিত বিজ্ঞপ্তি

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক চলতি ২০২০-২১ অর্থবছরে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্টদের নিকট হতে আবেদনপত্র আহ্বান।

“তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান প্রদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬” অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক চলতি ২০২০-২১ অর্থবছরে ৩য় রাউন্ডে ফেলোশিপ/বৃত্তি প্রদান, আইসিটি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে অনুদান এবং বিশেষ অনুদান প্রদানের লক্ষ্যে নীতিমালায় বর্ণিত যোগ্যতা সম্পন্ন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে (দেশে/বিদেশে) অধ্যয়নরত বাংলাদেশী শিক্ষার্থী, গবেষক এবং প্রত্যাশী ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।


০২। অনলাইনে আবেদনপত্র দাখিল, বাছাই ও মূল্যায়নের সম্ভাব্য সময়সীমা নিম্নরূপ:

রাউন্ড	অনলাইনে আবেদনপত্র দাখিলের সর্বশেষ সময়	বাছাই ও মূল্যায়নের সম্ভাব্য সময়	মন্তব্য
৩য়	১৫ মার্চ ২০২১	এপ্রিল/২০২১	সংশোধিত

০৩। এ সংক্রান্ত নীতিমালাসহ অনলাইনে আবেদনপত্র দাখিলের লিংক ims.ictd.gov.bd হতে বিস্তারিত জানা যাবে ও Online এ আবেদনপত্র দাখিল করা যাবে। সরাসরি আবেদনপত্র দাখিল নিরুৎসাহিত করা যাচ্ছে।

০৪। নীতিমালার সাথে সঙ্গতিপূর্ণ নয় এমন আবেদনপত্র গ্রহণযোগ্য/বিবেচিত হবে না।

০৫। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা রাখে।



২৭-২-২০২১

ইসরাত জাহান

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সকল মন্ত্রনালয়/বিভাগ
- ২) বিভাগীয় কমিশনার (সকল)
- ৩) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা (যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের অনলাইনে আবেদনপত্র দাখিলের বিষয়ে সংশ্লিষ্টদের নির্দেশনা/উৎসাহ প্রদান এবং তাঁর কার্যালয়ের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
- ৪) বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ/ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি/ ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি,(যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের অনলাইনে আবেদনপত্র দাখিলের বিষয়ে সংশ্লিষ্টদের নির্দেশনা/উৎসাহ প্রদান এবং তাঁর কার্যালয়ের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
- ৫) জেলা প্রশাসক (সকল)
- ৬) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিস্টেম ডেভেলপমেন্ট এবং অপারেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বিজ্ঞপ্তিটি বিভাগের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।